

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০৫.০০.০০১.২০১২-৬৬৬০

তারিখঃ ১৬-১০-২০১৬খ্রিঃ।

বিষয়ঃ সরকারি প্রতিষ্ঠানসমূহের মধ্যে চলমান মামলার তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখার গত ২৯-০৯-২০১৬খ্রিঃ তারিখের ১০৫ সংখ্যক আয়ক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানসমূহের নিজেদের মধ্যে মামলার উদ্ভব হয়। এ সকল মামলার কারণে সরকারের অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও কর্মসূচীর বাস্তবায়ন বাধাগ্রস্ত এবং সরকারি অর্থের অপচয় হয়। এ ধরনের পরিস্থিতিতে আন্তঃপ্রতিষ্ঠান বিরোধ নিষ্পত্তি এবং নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য সরকার দু'টি কমিটি গঠন করেছেন যা নিম্নরূপঃ


- ১। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি;
- ২। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

০২। উল্লেখ্য, যেসব মামলায় বাদী অথবা বিবাদী হিসাবে কোন ব্যক্তি অথবা বেসরকারি প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সেসব মামলা আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির আওতাভুক্ত নয়। শুধু দু'টি সরকারি প্রতিষ্ঠানের মধ্যে বিবদমান বিষয় এ কমিটির আওতাভুক্ত। এ ধরনের সরকারি আন্তঃপ্রতিষ্ঠান মামলা কমিটির পরবর্তী সভায় পর্যালোচনার নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন সকল অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা সংশ্লিষ্ট চলমান মামলার সংখ্যা, প্রকৃতি এবং সর্বশেষ অবস্থা সম্পর্কিত তথ্য নির্ধারিত ছকে ১৭ অক্টোবর, ২০১৬ তারিখের মধ্যে (ইউনিকোডে নিকস ফন্টে সফটকপিসহ) মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখায় প্রেরণ করার জন্য সূত্রোক্ত আয়কে এ বিভাগকে অনুরোধ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার প্রেক্ষিতে নিম্নোক্ত ছকে তথ্যাদি (যদি থাকে) আগামী ১৬ অক্টোবর, ২০১৬ তারিখের মধ্যে (ইউনিকোডে নিকস ফন্টে সফটকপিসহ) এ বিভাগের আইন-১ অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	মামলা নম্বর	যে আদালতে মামলা বিচারার্থীন সে আদালতের নাম	পক্ষ	প্রতিপক্ষ	মামলার ধরণ ও সংশ্লিষ্ট বিবরণ	মামলার সর্বশেষ অবস্থা
১	২	৩	৪	৫	৬	৭

০৪। বিষয়টি অতিব জরুরি।

  
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)  
উপসচিব  
☎ ৯৫৪০৯৯৫  
Email-ishanaliraja@gmail.com

বিতরণ (কার্যার্থে)ঃ

- ০১। প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই, ঢাকা;
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল) -----সিটি কর্পোরেশন;
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক (সকল) -----ওয়াসা;
- ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল) -----জেলা পরিষদ।

অনুলিপি (জ্ঞাতার্থে)ঃ

- ১। সিনিয়র সহকারী সচিব, প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।